

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের সমাজ কল্যান বিষয়ক স্থায়ী কমিটির জুলাই-আগস্ট/২৩ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ২৭/০৭/২০২৩ ইং।

সময় : ০১.০০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মোহাম্মদ লিটন আহমেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।


সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃষ্টীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা সমাজসেবা অফিসার সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা :

উপজেলা সমাজসেবা অফিসার, শ্রীমঙ্গল সভায় জানান যে, বর্তমানে তার দপ্তরের মাধ্যমে জনগণকে ঋণ বিতরণ ও চিকিৎসা সেবা ভাতাসহ অন্যান্য কাজ ভাল ভাবে চলছে। এ কাজে স্থানীয় জনপ্রতিনিধিসহ সর্বস্তরের জনগণ সহযোগিতা করছে। ঋণ বিতরণ ও চিকিৎসা সেবা ভাতাসহ অন্যান্য কাজ যাতে সঠিক ভাবে নির্বাচিত ব্যক্তির নিকট পৌছায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য সভাপতি গুরুত্বরূপ করেন এবং উপজেলা সমাজসেবা অফিসারকে পরামর্শ প্রদান করেন। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে ইতিবাচক মত প্রকাশ করেন।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোহাম্মদ লিটন আহমেদ)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

সমাজ কল্যান বিষয়ক কমিটি

শ্রীমঙ্গল, মৌলভীবাজার